

তারিখ: ২৬/০৬/২০১৯ খ্রি.

২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ অন-লাইনে (www.nubd.info/degree-pass) ডাটা এন্ট্রি সম্পন্ন করার পর প্রিন্টকপি নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি গাম দিয়ে লাগিয়ে সংশ্লিষ্ট কমিটির নিকট এবং ফরমের ফটোকপি ফিসহ নির্ধারিত ফি কলেজ অফিসে জমা দিয়ে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, অনিয়মিত পরীক্ষার্থীদেরকে সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

শর্তাবলী:

১। প্রিন্টকৃত ফরম নির্ধারিত ফিসহ কলেজে জমা দেয়ার তারিখ-

(i) বিএ/বিএসএস ৩য় বর্ষ (নিয়মিত)

: ১১/০৭/২০১৯

(ii) বিবিএস/বিএসসি ৩য় বর্ষ (অনিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স)

: ১৩/০৭/২০১৯

২। প্রিন্টকপিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর স্বাক্ষর করার তারিখ

: ২১/০৭/২০১৯ (কলেজের ২০৬ নং কক্ষে)

৩। ডিগ্রী পাস ৩য় বর্ষ (নিয়মিত): ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৬ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৭ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তারা ২০১৮ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। পরীক্ষার্থীদেরকে “ইংরেজি” আবশ্যিক বিষয়সহ নৈর্বাচনিক বিষয়সমূহের ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪। ডিগ্রী পাস ৩য় বর্ষ (অনিয়মিত): ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ ও ২০১৫ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত

যেসকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, কিন্তু ২০১৬ ও ২০১৭ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা ২০১৮ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ ও ২০১৫ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৬ ও ২০১৭ সালের ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে “F” গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা “F” গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৭ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শুধুমাত্র ব্যবহারিক পত্রে অকৃতকার্য হয়েছে, তারা শেষ বারের মতো ব্যবহারিক পত্রে অংশগ্রহণের সুযোগ পাবে।

৫। ডিগ্রী পাস ৩য় বর্ষ (মানোন্নয়ন): যেসকল শিক্ষার্থী ২০১৭ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে CGPA 2.25 বা এর কম পেয়েছে, তারা সর্বোচ্চ দু’টি ‘C বা D’ গ্রেড প্রাপ্ত কোর্সে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

৬। সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ (২০০ নম্বর): যেসকল শিক্ষার্থী ২০১৫-১৬ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশন করেছে, তারা ২০১৮ সালের সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত বিষয়ের ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৭। ফি বিবরণী:

বিভাগ	জাতীয় বিশ্ববিদ্যালয়						কলেজ			সর্বমোট
	পরীক্ষার ফি	নম্বরপত্র	সনদ পত্র	ইনকোর্স	অন্তর্ভুক্তি	ব্যবঃ	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
বিএ/বিএসএস/বিবিএস (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট)	৭ পত্র×১০০=৭০০	৩০০	৩০০	১০০	--	--	৪৫০	--	৫০	১৯০০/-
বিএ/বিএসএস/বিবিএস (অকৃতকার্য)	১ পত্র×১০০=১০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	৯০০/-
	২ পত্র×১০০=২০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	১০০০/-
বিএসসি (নিয়মিত)	৭ পত্র×১০০=৭০০	৩০০	৩০০	১০০	--	৪৫০	৪৫০	৩০০	৫০	২৬৫০/-
বিএসসি (অনিয়মিত)	১ পত্র×১০০=১০০	--	--	--	৩০০	১৫০	৪৫০	১০০	৫০	১১৫০/-
	২ পত্র×১০০=২০০	--	--	--	৩০০	৩০০	৪৫০	২০০	৫০	১৫০০/-
সার্টিফিকেট কোর্স	২ পত্র×১০০=২০০	৩০০	--	১০০	--	--	৪৫০	--	৫০	১১০০/-
মানোন্নয়ন	১ পত্র×১০০=১০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	৯০০/-
	২ পত্র×১০০=২০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	১০০০/-

বিঃদ্রঃ: শুধুমাত্র প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ইনকোর্স পরীক্ষা ফি বাবদ ২০০/- আলাদাভাবে সংশ্লিষ্ট কমিটির নিকট আগামী ২৯/০৬/২০১৯ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত ফরম পূরণের সুযোগ নেই।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আস্থায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। সংরক্ষণ নথি।